গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

বিষয় : স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), ২০২০-২১' এর অগ্রগতি ও পরিবীক্ষণ বিষয়ক মাসিক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: শাহাদৎ হোসেন মাহমুদ<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১২-১০-২০২০ খ্রি. |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের সভাকক্ষ |
| উপস্থিতি | স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের এপিএ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |

সভাপতি উপস্থিত কমিটির সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। শুরুতেই তিনি এপিএ, ২০২০-২১ এ উল্লিখিত কার্যক্রমের গুরুত্ব তুলে ধরেন। তিনি সবাইকে অবগত করেন যে চলমান মহামারী কোভিড-১৯ এর কারণে এবং এই ইউনিটের বার্ষিক ক্রয় পরিকল্পনা এবং বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা (রাজস্ব) বিলম্বে অনুমোদন হওয়ার কারণে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি- ২০২০-২১' এ উল্লিখিত কার্যক্রমের অগ্রগতি বিলম্ব হচ্ছে। উপরন্তু বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা (ওপি) অদ্যাবধি অনুমোদিত হয়নি। তথাপি সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে যেন এই ইউনিটের এপিএ-এর অগ্রগতির হার ও মূল্যায়িত নম্বর তিনি সে আশা ব্যক্ত করেন। গত বছর কিউআইএস এর অবস্থানগত দূরত্বের কারণে সেটির অগ্রগতি ও পরিবীক্ষণ ব্যাহত হয়েছিল। যার ফলশ্রুতিতে এই ইউনিটের গত বছরের এপিএ তে উল্লেখজনক সাফল্য অর্জন সম্ভব হয়নি। কিন্তু এ বছর সেই সমস্যা নেই। তিনি আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সরকারি অর্থের কৃচ্ছ্রতা সাধনের নিমিত্তে স্বল্প সংখ্যক ও সঙ্গতিপূর্ণ কর্মশালার আয়োজন করতে হবে। অত:পর তিনি এপিএ, ২০২০-২১ বিষয়ক কমিটির ফোকাল পয়েন্ট জনাব ফাতেমা জোহরা-কে গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করার অনুরোধ করেন। সভায় সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র। নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | কৌশলগত উদ্দেশ্যে ১.৩ এর অধীনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন (মুজিববর্ষ উদযাপন) উপলক্ষে এই ইউনিটের সকল গবেষণা কর্মের সংক্ষিপ্ত সার বই আকারে প্রকাশ করার কাজটি প্রায় শেষ। মহাপরিচালক মহোদয় কিউআইএস-এর অংশ এবং বাণী সংক্রান্ত কার্যাবলী অতি দ্রুত সম্পন্ন করার জন্য বলেন। | কিউআইএস-এর অংশ এবং বাণী সংক্রান্ত কার্যাবলী অতি দ্রুত সম্পন্ন করতে হবে। | মি. আশিষ কুমার ও ডাঃ সুব্রত পাল | |
| ২। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ১.২ এ শুদ্ধাচার/ উত্তমচর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে ৪ টি মতবিনিময় সভার আয়োজন করার নির্দেশনা আছে। এ বিষয়ে এসএসকে ২টি, কিউআইএস ১টি এবং জিএনএসপি আগামী মাসে ময়মনসিংহে ১টি মতবিনিময় সভার আয়োজন করবে। | শুদ্ধাচার/ উত্তমচর্চার বিষয়ে এসএসকে ২টি, কিউআইএস ১টি এবং জিএনএসপি কে আগামী মাসে ময়মনসিংহে ১টি মতবিনিময় সভার আয়োজন করতে হবে। | শুদ্ধাচার, এসএসকে ও কিউআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সিনিয়র সহকারী প্রধান-১ | |
| ৩। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ১.৩ এ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের সঙ্গে ৪ টি অবহিতকরণ সভা আয়োজন করার নির্দেশনা আছে। সভাপতি এ সংক্রান্ত কার্যক্রম এসএসকে পাইলট এলাকার সেবাগ্রহীতাদের নিয়ে সম্পন্ন করার জন্য বলেন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে এসএসকে পাইলট এলাকার সেবাগ্রহীতাদের/ অংশীজনদের সঙ্গে ৪ টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | এসএসকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা | |
| ৪। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ১.৪ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের সঙ্গে ৪ টি অবহিতকরণ সভা আয়োজন করার নির্দেশনা আছে। সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রতিটি কম্পোনেন্ট থেকে এ সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করার কথা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। | এই ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতিতে (সিটিজেন চার্টার) উল্লিখিত 'অভ্যন্তরীণ সেবা' বিষয়ে এই কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে আগামী মাসে ১ টি সভার আয়োজন করতে হবে। অপর ৩ টি সভা এসএসকে, কিউআইএস এবং জিএনএসপি কম্পোনেন্ট থেকে গবেষণার ডিসেমিনেশনের এজেন্ডায় উল্লেখ পূর্বক আয়োজন করতে হবে। | সিটিজেন চার্টার, এসএসকে ও কিউআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সিনিয়র সহকারী প্রধান-১ | |
| ৫। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ১.৪<br>এ তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার নির্দেশনা আছে। সে মোতাবেক এই ইউনিটের নিজস্ব তথ্য বাতায়ন ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | এই ইউনিটের নিজস্ব তথ্য বাতায়ন ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে তার একটি প্রতিবেদন<br>ভবিষ্যতেও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | সিস্টেম এনালিস্ট | বাস্তবায়িত |
| ৬। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ২.১ এ ই-নথি ৮০% বাস্তবায়নের নির্দেশনা আছে। সে মোতাবেক পূর্ববর্তী সভায় সভাপতির নির্দেশনা অনুযায়ী ই-নথি কার্যক্রমে সবাই তৎপর হলেও ত্রৈমাসিক অগ্রগতি পর্যবেক্ষণে দেখা যায় মোট ৭৬১টি অনিষ্পন্ন নথি/ ডাক রয়েছে। এ বিষয়টি দ্রুত নিষ্পন্ন করার জন্য এবং পরবর্তী কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সভাপতি মহোদয় প্রশাসনিক কর্মকর্তা-১ এবং সিস্টেম এনালিস্টের দৃষ্টি আকর্ষণ করেন। | এই ইউনিটের ই-নথিতে অনিষ্পন্ন ডাক/ নথি দ্রুত নিষ্পন্ন এবং পরবর্তী কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | সিস্টেম এনালিস্ট, প্রশাসনিক কর্মকর্তা-১, সকল কর্মকর্তা ও কর্মচারী | |
| ৮। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ২.২ এ এই ইউনিটে ১৫.০২.২০২১ খ্রি. তারিখের মধ্যে একটি নতুন ডিজিটাল সেবা চালু করার নির্দেশনা আছে। সে মোতাবেক পূর্ববর্তী সভায় এসএসকে অটোমেশনের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপরিবর্তে এর আওতাভুক্ত ১টি হাসপাতাল অটোমেশন কার্যক্রমকে চিহ্নিত করার বিষয়ে সবাই একমত পোষণ করেন। | এই ইউনিটের এসএসকে এর আওতাভুক্ত ১টি হাসপাতাল অটোমেশনকে একটি নতুন ডিজিটাল সেবা হিসেবে ১৫.০২.২০২১ খ্রি. তারিখের মধ্যে চালু করতে হবে। | উপপরিচালক-৩ ও এসএসকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা | |
| ৯। | পূর্ববর্তী সভায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ২.৩ এর অধীনে একটি সহজীকৃত সেবা হিসেবে ডিজিটাল অফিস সরঞ্জাম ব্যবস্থাপনা ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক কয়েকটি প্রস্তাবনাও উপস্থাপন করা হয়। তন্মধ্যে তথ্য ও প্রযুক্তি মন্ত্রনালয়ের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর গভর্নমেন্ট ইআরপি শীর্ষক প্রকল্পের ইনভেন্টরি মডিউলটি সম্পূর্ণ বিনামূল্যে সংগ্রহ পূর্বক চালু করা সম্ভব মর্মে আলোচনা হয়। সভাপতি মহোদয় এ বিষয়ে দ্রুত বিসিসি এর সাথে যোগাযোগ করার নির্দেশনা দেন। | বিসিসি এর সাথে যোগাযোগ করে এই ইউনিটে ডিজিটাল ইনভেন্টরি মডিউলটি আগামী ২৫.০২.২০২১ খ্রি. তারিখের মধ্যে চালু করতে হবে। | উপপরিচালক-১ ও সিস্টেম এনালিস্ট | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ২.৪.২ এ ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে ৫ জনঘন্টা প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা আছে। সে মোতাবেক সভাপতি মহোদয় আগামী মাসে কার্যক্রম গ্রহণ করতে বলেন। | আগামী মাসে এই ইউনিটের ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে ৫ জনঘন্টা প্রশিক্ষণ (রাজস্ব খাত থেকে) প্রদান করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা | |

২। আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মো: শাহাদৎ হোসেন মাহমুদ
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪৫.০৫.০০০০.০০৮.৩৯.০০৪.১৯.৩৯

তারিখ: ৪ কার্তিক ১৪২৭
২০ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) স্বাস্থ্য অর্থনীতি ও এর অধীন ইউনিট, সেল ও সেক্রেটারিয়েটের কর্মকর্তা

ফাতেমা জোহরা
উপপরিচালক